

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭১২

৮/ সাওম (রোজা) (্রাজা) (১ইনা ত্রান্ট্রান্

পরিচ্ছেদঃ যোদ্ধাদের সিয়াম ভঙ্গের অনুমতি।

باب مَا جَاءَ فِي الرُّخْصَةِ لِلْمُحَارِبِ فِي الإِفْطَارِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا ابْنُ لَهِيعَةَ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيب، عَنْ مَعْمَرِ بْنِ أَبِي حُيَيَّةَ، عَنِ ابْنِ الْمُسَيَّب، أَنَّهُ سَأَلَهُ عَنِ الصَّوْمِ، فِي السَّفَرِ فَحَدَّثَ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ قَالَ غَزَوْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي رَمَضَانَ غَزْوَتَيْنِ يَوْمَ بَدْرٍ وَالْفَتْحِ فَأَفْطَرْنَا فِيهِمَا . وَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم في رَمَضَانَ غَزْوَتَيْنِ يَوْمَ بَدْرٍ وَالْفَتْحِ فَأَفْطَرْنَا فِيهِمَا . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي سَعِيدٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عُمَرَ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَقَدْ رُويَ عَنْ أَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ أَمَرَ بِالْفِطْرِ فِي غَزْوَةٍ غَزَاهَا . وَقَدْ رُويَ عَنْ عُمْرَ بْنِ الْخَطَّابِ نَحْوُ هَذَا أَنَّهُ رَخَّصَ فِي الْإِفْطَارِ عِنْدَ لِقَاءِ الْعَدُوقِ وَبِهِ يَقُولُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ .

বাংলা

৭১২. কুতায়রা (রাঃ) মামার ইবনু আবূ হুয়াইয়া (রাঃ) থেকে বর্ণিত যে, ইবনুল মূসাইয়ার (রহঃ) কে সফরে সিয়াম পালন করা সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বলেন যে, উমার ইবনু খাত্তাব (রাঃ) বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে রামাযান মাসে বদর ও মক্কা বিজয় যুদ্ধে শামিল ছিলাম। উভয়টিতে আমরা ইফতার করেছি। - তিরমিজী হাদিস নম্বরঃ ৭১৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ সাঈদ (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা (রাঃ) বলেন, উমারের এ হাদিসটি সম্পর্কে এই সূত্র ছাড়া আমরা কিছু জানতে পারিনি। আর আবৃ সাঈদ (রাঃ) সূত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি কোন এক গাযওয়ায় ইফতার করার নির্দেশ দিয়েছিলেন। উমার ইবনু খাত্তাব (রাঃ) থেকেও এরূপ বর্ণিত আছে যে, তিনি শত্রুপ সম্মুখীন হওয়া কালে সিয়াম পালন না করার অনুমতি দিয়েছেন। কোন কোন আলিম এই অভিমত পোষণ করেন।

English



Ma'mar bin Abi Huyaiyah narrated that:

he asked Ibn Al-Musaiyab about fasting on a journey, so he narrated to him that Umar bin Al-Khattab said: "We fought in two battles along with the Messenger of Allah during Ramadan; the Day of Badr, and the Conquest (of Makkah), so we broke our fast during them."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন